# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 AUGUST 2026** **7:45—7:55 PM**

---

১) বিশ্বের নানা প্রান্তে যুদ্ধ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিভিন্ন দেশে অর্থনৈতিক অচলাবস্থা সৃষ্টি হওয়ার পরও ভারতীয় অর্থনীতির গড় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যার ভাষণে মন্তব্য ।

২) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল স্বাধীনতা দিবস পালনের চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন ।

৩) রাজ্যের ৬৯ জন আধিকারিক - কর্মচারীকে মুখ্যমন্ত্রীর বিশেষ সেবাপদক এবং মুখ্যমন্ত্রীর পুলিশ পদক সমূহ ঘোষণা ।

এবং

৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন ।

---

৮০তম স্বাধীনতা দিবসের প্রাক-সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতীর উদ্দেশ্যে ভাষণ দিয়ে বলেন যে বিশ্বের নানা প্রান্তে যুদ্ধ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিভিন্ন দেশে অর্থনৈতিক অচলাবস্থা সৃষ্টি হওয়ার পরও ভারতীয় অর্থনীতির গড় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে । একই সঙ্গে ওই একই সময়ে ভারতে ডিজিট্যাল লেন-দেনও সমগ্র বিশ্বের তুলনায় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে বলে তিনি মন্তব্য করেন । রাষ্ট্রপতি বলেন যে পরিকাঠামোগত এবং সামগ্রির অভাবে যাতে কোন ব্যাক্তি প্রাপ্য বিচার থেকে বঞ্চিত না হন সেই বিষয়টি বিচার ব্যবস্থার সঙ্গে যুক্ত ব্যাক্তিদের নিশ্চিত করতে হবে । রাষ্ট্রপতি বলেন যে অপারেশন সিন্দুর অভিযানের মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী জঙ্গি নেটওয়ার্কের বিরুদ্ধে তাদের অদম্য সাহস , নিষ্ঠা এবং স্বচ্ছতার প্রমান দিয়েছে । শ্রীমতী মুর্মু বলেন যে

ভারত গত এক দশকে অর্ন্তভুক্তিমূলক অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমে ২৫ কোটিরও অধিক দরিদ্রশ্রেনীর নীচে বসবাস করা পরিবারের জীবনের গুণগত মান বৃদ্ধি করতে সক্ষম হয়েছে । তিনি বলেন।--
বাইট

---------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আগামীকাল যথাযোগ্য মর্যাদায় ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে ।রাজ্যে আগামীকাল স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি ও সম্পূর্ণ ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামীকাল গুয়াহাটী খানাপারায় কেন্দ্রীয় ভাবে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তলন করবেন ।স্বাধীনতা দিবসের কুচকাওয়াজে এবার প্রথম বারের মতো বিহু নৃত্য সংযোজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় ও আগামীকাল যথাযোগ্য মর্যাদায় ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি সম্পূর্ণ ।আগামীকাল সকাল ৯ টায় শিলচর জেলা ক্রীড়া সংস্থার ময়দানে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তলন করবেন রাজ্যের খাদ্য ও গ্রাহক পরিক্রমা ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ।এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে ভোর সাড়ে পাঁচটা থেকে শহরের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার , সকাল সাতটায় বেসরকারী গৃহ ও অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তলন । সকাল সাড়ে সাতটায় সব সরকারী কার্যালয় , শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদিতে জাতীয় পতাকা উত্তলন , সকাল আট টায় জেলা ক্রীড়া সংস্থার ময়দান অভিমুখে শোভাযাত্রা , ৮-৩৫ মিনিটে গান্ধীবাগে গান্ধীজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পন , গান্ধীবাগে অস্থায়ী শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পন , হাসপাতালের রোগীদের মধ্যে ফল বিতরণ ,  কেন্দ্রীয় কারাগারের কয়েদিদের মধ্যে ফল - মিষ্টি বিতরণ , বিকেল সাড়ে ৪ টায় জেলা ক্রীড়া সংস্থার ময়দানে জেলা প্রশাসন একাদশ বনাম জেলা বার এসোসিয়েশন একাদশের মধ্যে প্রদর্শনী ফুটবল ম্যাচ , সন্ধ্যা ৬ টায় সরকারী , বেসরকারী ভবনগুলোতে এবং মনীষীদের মর্মর মূর্তি প্রাঙ্গনে আলোক সজ্জা ইতাদি ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল দেশের ৮০তম স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান শ্রীভূমি সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত হবে । রাজ্যের জনস্বাস্থ্য,কারিগরী , বরাক উপত্যকা উন্নয়ন ও পার্বত্য এলাকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন । স্বাধীনতা দিবসকে

কেন্দ্র করে জেলা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন কার্যসূচী গ্রহন করা হয়েছে । সকাল ৬টায় শহরের স্থায়ী মাইকের মাধ্যমে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার করা হবে । এছাড়া সকাল সাড়ে ছটায় যোগা প্রতিষ্ঠান ও স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের অংশগ্রহনে প্রভাতফেরী অনুষ্ঠিত হবে । সকাল ৭টায় জনসাধারনের বাসগৃহ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । সকাল ৮টায় সরকারী ভবন , কার্য্যলয় ও শিক্ষা প্রতিষ্টানে জাতীয় পতাকা উত্তোলন এবং ৮টা ১৫ মিনিটে মহাত্মা গান্ধীর মূর্তি ও শহীদ বেদীতে মাল্যদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগেও দেশের ৮০তম স্বাধীনতা দিবস পালনে ব্যপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে । আগামীকাল জেলার কেন্দ্রীয় অনুষ্ঠান নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । জেলায় জাতীয় পতাকা উত্তোলন করবেন জেলা আয়ুক্ত জয় বিকাশ । এছাড়া জেলার বিভিন্ন সরকারী কার্যলয় ও রাজস্ব চক্র আধিকারীকের কার্যলয়েও স্বাধীনতা দিবস পালনের ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

৮০ তম স্বাধীনতা দিবস উপলক্ষে আজ মুখ্যমন্ত্রীর বিশেষ সেবা পদক এবং মুখ্যমন্ত্রীর পুলিশ পদক সমুহ ঘোষণা করা হয়েছে । গৃহ বিভাগের পক্ষ থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য রাজ্যের মোট ৬৯ জন প্রশাসনিক তথা পুলিশ আধিকারীক , অগ্নি নির্বাপক বাহিনীর জওয়ান , কারাগারের কর্মচারীকে এই পদক প্রদান করার কথা ঘোষণা করে । এর মধ্যে ৩৩ জনকে  মুখ্যমন্ত্রীর সংকট কালীন বিশেষ সেবা পদক , ৩৬ জনকে উৎকৃষ্ট সেবার জন্য মুখ্যমন্ত্রীর পুলিশ পদক প্রদান করার কথা ঘোষণা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার স্বাধীনতা দিবসের প্রাককালে পুলিশ , অগ্নি নির্বাপক বাহিনী , গৃহরক্ষী বাহিনী , আসামরিক প্রতিরক্ষা বাহিনী এবং শিল্প নিরাপত্তা বাহিনী পরিসেবার সঙ্গে যুক্ত ১ হাজার ৫৭ জন কর্মীর জন্য সাহসিকতা এবং সেবা পদক ঘোষণা করেছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর ২৭২ জন পুলিশ এবং ২৯ জন অগ্নি নির্বাপক কর্মী সহ ৩০১ জনের জন্য সাহসিকতা পদক প্রদানের কথা ঘোষণা করেছে । এদের মধ্যে ১৯৭ জন বাম উগ্রপন্থা অধ্যুষিত এলাকায় কর্মরত , ৫১ জন জম্মুকাশ্মীরের , ১২ জন উত্তর-পূর্বাঞ্চলের এবং ৪১ জন দেশের অন্যান্য অঞ্চলে কর্মরত রয়েছেন । এছাড়া ৯২ জনকে রাষ্ট্রপতি পদক এবং ৬৬৪ জনকে অসাধারণ কাজের স্বীকৃতিতে বিশেষ পদক দেওয়া হবে বলে জানানো হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

৮০ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে কাছাড় জেলা প্রশাসন হর ঘর তিরঙ্গা অভিযানের অধীনে জেলার বিভিন্ন কার্যালয়ে নানা কার্যসূচীর আয়োজন করেছে । জেলার সমাজকল্যান দপ্তর , বড়খলা - কাটিগড়া বিভাগীয় জলসেচ দপ্তর , হস্ত তাঁত ও বস্ত্রশিল্প দপ্তর কাছাড় শিলচর সহ বিভিন্ন কার্যালয় প্রাঙ্গনে পরিচ্ছন্নতা অভিযান চালানো হয় । ধলাই ও সোনাই এপ্রোচ রোডে তিরঙ্গা র‍্যালি ও পরিচ্ছন্নতা অভিযান চালানো হয় । আসাম রাজ্য গ্রামীণ জীবিকা মিশন , কাছাড়ের আত্মসহায়ক গোষ্ঠির সদস্যরা তিরঙ্গা স্কুটি যাত্রায় অংশগ্রহণ করেন ।বিজেপির পালংঘাট মন্ডলের উদ্যোগে আয়োজিত তিরঙ্গা যাত্রায় ছাত্রছাত্রী সহ বহু লোক হাতে জাতীয় পতাকা নিয়ে র‍্যালিতে অংশগ্রহণ করেন ।শিলচর ব্লক মন্ডলের উদ্যোগে  শিলচর কলেজ থেকে আশ্রম রোডের কীর্তন মাঠ পর্যন্ত তিরঙ্গা পদযাত্রার আয়োজন করা হয় ।এই পদযাত্রায় শিলচরের বিধায়ক ডাঃ রাজদীপ রায় অংশগ্রহণ করেন ।সোনাই মন্ডলের উদ্যোগেও অনুরূপ তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয় ।

এদিকে কাবুগঞ্জ জনতা কলেজের উদ্যোগে আজ এক তিরঙ্গা বাইক র‍্যালি বিভিন্ন সড়ক পরিক্রমা করে । এরপর এক পেড় মা কে নাম কর্মসূচীর অধীনে বৃক্ষরোপন করা হয় এবং সমবেতভাবে বন্দেমাতরম গাওয়া হয় । এতে কলেজের শিক্ষক , অশিক্ষক কর্মচারী ও ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা পুলিশের উদ্যোগে আজ হর ঘর তিরঙ্গা অভিযানের অধীনে এক বর্ণাঢ্য বাইক র‍্যালির আয়োজন করা হয় । হাইলাকান্দির প্রবীণ পুলিশ সুপার অমিতাভ সিনহার নেতৃত্বে পুলিশ বিভাগের আধিকারিক ও কর্মচারী সহ হাইলাকান্দি বাইসাইকেল ক্লাবের সদস্য ও সাধারণ মানুষ এই বাইক র‍্যালিতে অংশগ্রহণ করেন ।এই বাইক র‍্যালি পুলিশ সুপারের কার্যালয় থেকে বের হয়ে কাটলিছড়া পর্যন্ত গিয়ে আবার পুলিশ সুপারের কার্যালয়ে ফিরে আসে ।

-------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ দেশভাগ বিভীষিকা স্মরণ দিবস পালন করা হচ্ছে । এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশভাগের ভয়াবহ সময় পেরিয়ে আসা সব দেশবাসীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন । সংস্কৃতের একটি উদ্ধৃতি দিয়ে প্রধানমন্ত্রী বলেন যে বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস উপলক্ষে এই ঘটনার স্মৃতি যুব প্রজন্মের কাছে পৌছে দেওয়ার চেষ্টা চালানো হচ্ছে যাতে দেশকে বিভাজিত করার অপশক্তি সমূহ কখনও সফল হতে পারে না ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশভাগের সময় প্রাণ হারানো এবং সেই ভয়াবহ পরিস্থিতির বিরুদ্ধে লড়াই করা মানুষের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস উপলক্ষে শান্তি সম্প্রীতি ও ঐক্যের বার্তা ছড়িয়ে দিতে মোমবাতি মিছিলের আয়োজন করা হয় ।জেলা প্রশাসনের কার্যালয় থেকে এই মিছিল বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে । ভারতীয় জনতা পার্টীর কাছাড় জেলা কমিটির ব্যবস্থাপনায় আজ বিভাজন বিভিষিকা স্মৃতি দিবস পালন করা হয় । এ উপলক্ষে আজ ইটখলা দলীয় কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ব হিন্দু পরিষদের দক্ষিণ আসাম প্রান্তের ধর্ম জাগরণ প্রমুখ পূর্ণচন্দ্র মন্ডল । তিনি তাঁর বক্তব্যে ১৯৪৭ সালে দ্বি-জাতি তত্বের ভিত্তিতে ভারতবর্ষের বিভাজনের ইতিহাস তুলে ধরেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় স্বাধীনতা দিবস শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য জেলা ম্যাজিষ্ট্রেট রাহুল কুমার গুপ্ত ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার -১৬৩ ধারা অনুযায়ী জেলা ক্রীড়া সংস্থার মাঠ , ধলাই বাজার পূর্ত সড়কের মাঠ এবং লক্ষীপুরের আর্ল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে ড্রোন ও উড়ন্ত বস্তুর জন্য নো-ফ্লাই জোন হিসেবে ঘোষনা করেছেন ।

---------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি ক্লাব আয়োজিত মাতৃভূমি কাপ নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় আরমান ফার্নিচার এফ সি মোহনখাল ১-০ গোলে ঝানুখাল এফ সি দলকে পরাজিত করে । আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন পুই । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় বেকিরপার এফ সি খেলবে দাইবরলাং জামিরখাল এফ সি-র বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------